দুরাভাষ ঃ ৫৩৮-২৬৬৪
৫৩৮-০২০৩
ফ্যাক্স ঃ ৫৩৮-৬৪৪২

# মধ্যমগ্রাম পৌরসভা

মধ্যমগ্রাম, উত্তর ২৪ পরগনা
কোলকাতা ঃ ৭০০ ১২৯

পত্রাঙ্ক নং - তারিখঃ

## সাধারন পৌর বোর্ড মিটিং এর কার্য্যবিবরনী

সভা নং - ৭৮ সময়ঃ বেলা ৩.৩০ টা
তাং - ৩০।০৫।২০২৬ স্থানঃ পৌরসভা সভাকক্ষ

আলোচ্য বিষয়ঃ

(১) বিগত সভার (৭৫নং) কার্য্যবিবরনী পঠন ও অনুমোদন।
(২) PWD সংক্রান্ত কাজের পর্য্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
(৩) পানীয় জল ও বিদ্যুৎ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
(৪) জনস্বাস্থ্য সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
(৫) বর্ষারপূর্বে কেন্দ্রীয়ভাবে হাইড্রেন পরিষ্কার সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ
(৬) নামজারিকরনের অনুমোদন।
(৭) বিবিধ।

উপস্থিতিঃ

- পৌরপ্রধানঃ শ্রী নিমাই ঘোষ
- উপপৌরপ্রধানঃ শ্রী প্রকাশ রাহা

অন্যান্য কাউন্সিলরবৃন্দঃ

- মহঃ নজরুল ইসলাম
- মাসতুরা সাহানি
- শ্রীমতী প্রিয়াঙ্কা মল্লিক
- শ্রীমতী মমতা রায় সেন
- শ্রী গোপাল চন্দ্র ঘোষ
- শ্রীমতী কনিকা দেবনাথ
- শ্রী পঙ্কজ কান্তি চন্দ
- শ্রী সুভাষ ব্যানার্জী
- শ্রীমতী অনিতা মুখার্জী
- শ্রী সুকুমার মন্ডল
- শ্রীমতী অন্তরা মজুমদার
- শ্রী সুব্রত দাস
- শ্রী সুশান্ত রায়
- শ্রী কিশোর কুমার রায়
- শ্রীমতী রাধারানী দত্ত
- শ্রীমতী পিঙ্কি ঘোষ
- শ্রী প্রহ্লাদ কুমার দত্ত
- শ্রী অলোক সাহা
- শ্রীমতী বৈশালী ব্যানার্জী
- শ্রীমতী কৃষ্ণা সেনগুপ্ত
- শ্রী সঞ্জয় মন্ডল
- শ্রী অরুপ কুমার ঘোষ
- শ্রীমতী সুমিতা ঘোষ

মধ্যমগ্রাম পৌরসভা
উত্তর ২৪ পরগনা
মধ্যমগ্রাম

অন্যান্য উপস্থিতিঃ শ্রী রাজেন্দ্র নাথ মাহাতা - নির্বাহী আধিকারিক
শ্রী প্রসুন ঘোষ - অর্থ আধিকারিক

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় সভায় সভাপতিত্ব করেন।

জিরো আওয়ারে শ্রী অলোক সাহা বলেন জানতে পারলাম পৌরসভা পরিচালিত হাসপাতালের ল্যাবরেটরির AC মেশিনটি খারাপ হয়েছে। যতটা ঠান্ডা হওয়া উচিত ততটা হচ্ছে না। ফলে রক্ত ও অন্যান্য দ্রব্যাদি নষ্ট হচ্ছে। জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য প্রস্তাব দেন। আরো বলেন দীর্ঘদিন ধরে বলছি চিত্রাঙ্গদা হলের চেয়ার ভাঙা অবস্থায় আছে। যারা হল বুক করে তারা আমাকে বারংবার বলে। পৌরসভা সম্পর্কে গালাগাল করে।আমার শুনতে খারাপ লাগে। বারংবার বলা সত্ত্বেও পৌরসভার পক্ষ থেকে উদ্যোগের অভাব দেখা যাচ্ছে। বিষয়গুলি দ্রুত সমাধানের জন্য প্রস্তাব দেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন পৌরহাসপাতালের AC মেশিন এর বিষয়টা আমার জানা আছে। তিনদিন আগে হাসপাতাল হতে চিঠি পেয়েছি। সঙ্গে সঙ্গে সংশ্লিষ্ট দপ্তরে দ্রুত ব্যবস্থা নেওয়ার জন্য পাঠানো হয়েছে। খুব শীঘ্রই সমাধান হবে। চিত্রাঙ্গদার ভাঙা চেয়ারের বিষয়ে বলেন Agency কে বলা হয়েছে চেয়ারগুলি দ্রুত পরিবর্তন করে দেওয়ার জন্য।

শ্রীমতী প্রিয়াঙ্কা মল্লিক বলেন তাঁর ওয়ার্ডে জঞ্জাল সাফাইকার্য্যে যে ভ্যানগুলি আছে সেগুলি অনেক পুরানো হয়েছে। ভ্যানগুলি পরিবর্তন করে নতুন দেওয়ার জন্য প্রস্তাব দেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন লিখিতভাবে জানাবেন। দপ্তরগত পর্যবেক্ষণ সাপেক্ষে ব্যবস্থা নেওয়া হবে।

জিরো আওয়ার শেষ হলে মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বিগত সভার (৭৫ নং) কার্য্যবিবরনী অনুমোদনের জন্য প্রস্তাব দেন।

সভায় উপস্থিত সকল সদস্য কোনো প্রকার আপত্তি বা মতামত না জানানোয় বিগত সভার (৭৫নং) কার্য্যবিবরনী সম্পূর্ন অপরিবর্তিত অবস্থায় গৃহীত ও অনুমোদিত হল।

(২) PWD সংক্রান্ত কাজের পর্য্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

মাননীয় পৌরপারিষদ সদস্য শ্রী সুভাষ ব্যানার্জী মহাশয় বলেন APAS ও পথশ্রীর কাজ বন্ধ আছে। বর্তমান সরকারের পক্ষ থেকে নতুন আদেশনামা না আসলে কাজগুলি করা যাচ্ছে না। Community Toilet ও Public Toilet এর যে অনুমোদন ছিল তার e-tender আহ্বান করা হয়েছিল।

Tender টি অনুমোদনের জন্য প্রস্তাব দেন। AMRUT প্রকল্পে ২২নং ওয়ার্ডের ঝিলের সৌন্দর্য্যায়নের জন্য যে অনুমোদন পাওয়া গেছিল সেই কাজের e-tender ও আহ্বান করা হয়েছিল। Tender টি অনুমোদনের জন্য প্রস্তাব দেন।

শ্রী অলোক সাহা বলেন APAS ও পথশ্রীর কাজ কি সবজায়গায় বন্ধ না শুধু আমাদের এখানে বন্ধ তা জানতে চান।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন উন্নয়নের সমস্ত কাজই আপাতত সব জায়গায় বন্ধ আছে। আমি এ ব্যাপারে মাননীয় জেলাশাসকের সাথে দেখা করে সমগ্র বিষয়টা জানাবো।

শ্রী অলোক সাহা বলেন সমধানের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত করে জেলাশাসককে চিঠি দেওয়া উচিত। আরো বলেন ADP ২৬ - ২৭ এর কোন প্রস্তাব এখনও পেলাম না। কাজ হবে কিনা জানতে চান।

শ্রীমতী বৈশালী ব্যানার্জী বলেন কাজ কেন বন্ধ তা জনগণকে বলে বোঝানো যাচ্ছে না। তারা বলছে দ্রুত কাজ শুরু করার ব্যবস্থা করতে হবে।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন জেলাশাসকের সাথে দেখা করে বিষয়টা তাঁকে জানাই। তিনি কি বলেন তা আপনাদের জানাবো। ADP ২৬ - ২৭ এর কাজ সম্বন্ধে বলেন অপেক্ষা করুন। আশাকরি জট কেটে যাবে।

সভায় আলোচনা শেষে নিম্নলিখিত tender দুটি অনুমোদিত হলঃ-

(i) WBMAD/MM/NIT-63e/2025-26, Sl. No. 1 - 5, dt. 23.02.2026

(ii) WBMAD/MM/NIT-68e/2025-26, Sl. No. 1, dt. 13.03.2026, Amount : Rs. 18912226.00

(৩) পানীয় জল ও বিদ্যুৎ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

মাননীয় পৌরপধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন ৬নং , ২১নং ও ২৪নং ওয়ার্ডের pump হতে বালি উঠছে বলে অভিযোগ এসেছে। আপাতত পাম্পগুলি বন্ধ রাখতে বলেছি। দপ্তরগতভাবে ইঞ্জিনিয়ারদের থেকে রিপোর্ট চেয়েছি। AE ছুটিতে থাকায় SAE প্রবীর চৌধুরীকে report দিতে বলা হয়েছে। গঙ্গার জল যেখান থেকে আসে সেখানে valve খারাপ হওয়ায় জলের কিছু সমস্যা চলছে। তারা

দ্রুত valve repair করবে বলে জানিয়েছি। ১৯ নং এর pump ও খারাপ হয়েছে। ৪ ও ৫ নং ওয়ার্ডে pipe line কানেকশন করতে হবে। এছাড়াও ১১টি e_tender আহ্বান করা হয়েছিল সেগুলো অনুমোদনের জন্য প্রস্তাব দেন। ২১নং ও ৫নং ওয়ার্ডের পাম্পটির জায়গায় দুটি নতুন Pump বসানো হবে বলে প্রস্তাব দেন। বিদ্যুৎ দপ্তরের প্রয়োজনে যে দ্রব্যাদি ক্রয় করা হয়েছে তার work order গুলি অনুমোদন করারও প্রস্তাব দেন।

শ্রীমতী রাধারানী দত্ত তার ওয়ার্ডে জলের সমস্যা হচ্ছে বলে অভিযোগ করেন।

মাননীয় পৌরপধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন কোথায় সমস্যা হচ্ছে তা লিখিতভাবে জানাবেন।

শ্রী অরূপ কুমার ঘোষ বলেন তাঁর ওয়ার্ডে গঙ্গার জল সব সময় পাওয়া যায় না। মাঝে মধ্যে পাওয়া যায়। সমস্যা সমধানের জন্য প্রস্তাব দেন।

শ্রীমতী বৈশালী ব্যানার্জী বলেন এপ্রিল মাসের ২৭ তারিখ হতে মে মাসের ৫ তারিখ পর্যন্ত জলের সাপ্লাই ভাল ছিল । কিন্তু তারপর থেকে জলের প্রেসার কমেছে। এই মুহূর্তে রাত্রে জলের সাপ্লাই থাকায় অসুবিধা কম হচ্ছে কিন্তু দিনের বেলায় প্রেসার কেন কম থাকছে সেই সমস্যা সমাধানের জন্য প্রস্তাব দেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন দপ্তরের ইঞ্জিনিয়ারদের বিষয়টা তদন্ত করে report দিতে বলা হবে।

সভায় দীর্ঘ আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হলঃ-

(১) ২১ নং ও ৫নং ওয়ার্ডের পানীয় জলের PUMP এর জায়গায় দুটি নতুন Pump বসানো হবে।

(২) নিম্নলিখিত e - tender গুলি অনুমোদিত হলঃ-

(i) WBMAD/MM/WS/NIT - 25e/2025 -26 , dt. 19.02.2026

(ii) WBMAD/MM/WS/NIT - 26e/2025 -26 , dt. 19.02.2026

(iii) WBMAD/MM/WS/NIT - 27e/2025 -26 , dt. 19.02.2026

(iv) WBMAD/MM/WS/NIT - 28e/2025 -26 , dt. 19.02.2026

(v) WBMAD/MM/WS/NIT - 29e/2025 -26 , dt. 19.02.2026

(vi) WBMAD/MM/WS/NIT - 30e/2025 -26 , dt. 19.02.2026

(vii) WBMAD/MM/WS/NIT - 31e/2025 -26 , dt. 19.02.2026

(viii) WBMAD/MM/WS/NIT - 32e/2025 -26 , dt. 13.03.2026

(ix) WBMAD/MM/WS/NIT - 33e/2025 -26 , dt. 13.03.2026

(x) WBMAD/MM/WS/NIT - 34e/2025 -26 , dt. 13.03.2026

(xi) WBMAD/MM/WS/NIT - 35e/2025 -26 , dt. 13.03.2026

(৩) নিম্নলিখিত work order গুলি অনুমোদিত হল।

(i) MM/Electric/32/2026 - 27, dt. 30/05/2026,

Amount : Rs. 370000.00, Fund : ADP (2026 - 27)

(ii) MM/Electric/33/2026 - 27, dt. 30/05/2026, Amount : Rs. 350000.00

(iii) MM/Electric/34/2026 - 27, dt. 30/05/2026, Amount : Rs. 140000.00

(iv) MM/Electric/35/2026 - 27, dt. 30/05/2026, Amount : Rs. 350000.00

(৪) জনস্বাস্থ্য সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

মাননীয় CIC সদস্য নজরুল ইসলাম মহাশয় বলে ১৬নং ওয়ার্ডের সাব-সেন্টার-২ এ কর্মরত আশাকর্মী বর্নালী সাহা মাহাতো গত ২২/০৫/২৬ তারিখে লিখিতভাবে জানিয়েছেন পারিবারিক সমস্যার কারনে তিনি কাজ হতে অব্যাহতি চান। তাঁর আবেদন অনুমোদনের জন্য প্রস্তাব দেন। আরো বলেন আগামী ১লা জুন হতে ডেঙ্গু প্রতিরোধে সার্ভের কাজ শুরু হবে। প্রতিবার আপনারা যেমন Monitoring করেন এবারও তেমন Monitoring করতে হবে। Vehicle দপ্তরে ১৫ জন অস্থায়ী কর্মী বিগত ৬ - ৭ বছর ধরে কাজ করছে তাদের EPF এর আওতাধীন করার প্রস্তাব দেন।

শ্রী অলোক সাহা বলেন আপনার প্রস্তাবের সাথে সহমত পোষন করছি।

শ্রী অরুপ কুমার ঘোষ বলেন SWM এর যে সমস্ত কর্মীরা SUDA হতে বেতন পান তাদের ও করার প্রস্তাব দেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন বিষয়টা SUDA -র Director কে প্রস্তাব আকারে পাঠানো হবে।

সভায় নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হলঃ-

(১) আশাকর্মী বর্ণালী সাহা মাহাতো গত ২২/০৫/২৬ তারিখে তাঁর কাজ হতে অব্যাহতি চেয়ে যে লিখিত আবেদন করেছেন তা অনুমোদিত হল।

(২) আগামী ১লা জুন ২০২৬ হতে ডেঙ্গু প্রতিরোধে সার্ভের কাজ শুরু হবে।কর্মীদের কাজের Monitoring সম্মানীয় কাউন্সিলররা যেমন করে থাকেন এবারও তেমন করবেন।

(৩) Vehicle দপ্তরে বিগত ৬ -৭ বছর ধরে যে ১৫ জন অস্থায়ী কর্মী কাজ করছে তাদের EPF এর আওতাভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হল। ১৫ জন অস্থায়ী কর্মীর নাম নিম্নে দেওয়া হলঃ-

| SL NO. | NAME | FATHER'S NAME |
|---|---|---|
| 1 | Gangitla Tarkeshwar Rao | Gangitla Kameshwar Rao |
| 2 | Pintu Roy | Kritish Roy |
| 3 | Partha Roy | Kartick Roy |
| 4 | Miraj Ali | Motaleb Ali |
| 5 | Tapan Chackraborty | Ajay Chackraborty |
| 6 | Raju Biswas | Swapan Biswas |
| 7 | Rabiul Khan | Anwar Khan |
| 8 | Suman Bairagi | Krishna Pada Bairagi |
| 9 | Pratap Mandal | Sarat Mondal |
| 10 | Tutul Bairagi | Binod Bairagi |
| 11 | Bijoy Bairagi | Binod Bairagi |
| 12 | Nirapada Biswas | Swarna Kumar Biswas |
| 13 | Kajal Ghosh | Pran Ballov Ghosh |
| 14 | Swapan Dutta | Late Jagadish Ch. Dutta |
| 15 | Raju Molla | Abbas Molla |

(৫) বর্ষারপূর্বে কেন্দ্রীয়ভাবে হাইড্রেন পরিষ্কার সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন সোদপুর রোড, বাদু রোড, যশোহর রোডের (পুরানো ও নতুন) দুই ধারের Covered হাইড্রেনগুলি প্রতিবার যেমন পরিষ্কার করা হয় এবারও PWD , Conservancy ও Vehicle দপ্তর একযোগে পরিষ্কারের কাজ করবে। হাইড্রেন পরিষ্কার করা ময়লা tender আহ্বান করে দর নির্দ্ধারণ করে পরিষ্কারের ব্যবস্থা করতে হবে। এছাড়াও ওয়ার্ডের মধ্যেকার অন্যান্য ড্রেনগুলি পরিষ্কারের জন্য ওয়ার্ড পিছু ৫০ জন করে শ্রমিক বরাদ্দ করার প্রস্তাব দেন।কাজগুলি Conservancy দপ্তর দেখবে। আগামী ১লা জুন হতে ড্রেন পরিষ্কার করার কাজ শুরু করার জন্য দপ্তরগুলিকে নির্দেশ দেওয়া হবে বলে জানান। এছাড়া যে ড্রেনগুলি Jetting machine দিয়ে করা যাবে সেগুলি Jetting machine এর সাহায্যে করা হবে। শ্রমিকদের প্রতিদিনের পারিশ্রমিক ৫০৬ টাকা করে দেওয়া হবে এবং প্রয়োজনীয় অর্থ পৌরতহবিল হতে ব্যয় করা হবে বলে জানান।

শ্রী অলোক সাহা বলেন এবার ড্রেন পরিষ্কার করার কাজ শুরু করতে অনেক দেরী হল। ওয়ার্ডের মধ্যেকার ড্রেন পরিষ্কারের শ্রমিক গতবার থেকে কেন কমানো হল তা জানতে চান ও বলেন নুন্যতম ১০০ জন করে শ্রমিক বরাদ্দ করা উচিত।

মাননীয় উপপৌরপ্রধান শ্রী প্রকাশ রাহা মহাশয় ও শ্রমিকের সংখ্যা বাড়ানোর প্রস্তাব দেন।

শ্রীমতী অন্তরা মজুমদার হেমন্ত বসু সরনী Jetting machine দিয়ে পরিষ্কার করানোর প্রস্তাব দেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন ৫০ টি শ্রমিক দিয়ে কাজ শুরু করুন। Jetting machine দিয়ে যে ড্রেনগুলি পরিষ্কার করা যাবে সেগুলি কাউন্সিলরদের লিখিতভাবে জানাতে বলেন।

সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হলঃ-

প্রতিবারের ন্যয় বর্ষার পূর্বে কেন্দ্রীয়ভাবে হাইড্রেন পরিষ্কারের কাজ সোদপুর রোড, বাদুরোড, যশোহর রোডের (পুরানো ও নতুন) দুই পাশের এবং ওয়ার্ডের মধ্যেকার Covered হাইড্রেনগুলি PWD দপ্তর, P.H. & Conservancy ও Vehicle দপ্তরের তদারকিতে আগামী ১লা জুন হতে পরিষ্কার করানো শুরু হবে। এছাড়াও ওয়ার্ডের অভ্যন্তরের অন্যান্য ড্রেনগুলি পরিষ্কারের জন্য ওয়ার্ড পিছু ৫০ জন করে শ্রমিক বরাদ্দ করা হল। কাজগুলি Conservancy দপ্তর দেখভাল করবে। হাইড্রেন পরিষ্কার করা ময়লা

মাটি পরিষ্কারের জন্য tender ডেকে দর নির্দ্ধারণ করে Work Order দিয়ে Agency র মাধ্যমে করা হবে। শ্রমিকদের প্রতিদিনির পারিশ্রমিক ৫০৬.০০ টাকা করে দেওয়া হবে এবং সমগ্র ব্যয় পৌরতহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হল। এছাড়াও যে covered ড্রেনগুলি manually পরিষ্কার করা সম্ভব নয় সেগুলি Jetting machine দিয়ে পরিষ্কার করানো হবে।

(৬) নামজারিকরনের অনুমোদনঃ-

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী নিম্নলিখিত ৮৬৯ টি নামজারিকরনের আবেদনপত্র অনুমোদিত হল।

(৬) বিবিধঃ-

(১) পৌরপ্রতিনিধিদের গত ১৩.০৯.২০২৪ তারিখের ৫৪ নং সাধারণ সভায় Punjab National Bank এর যে দুটি Account No. যথাক্রমে (১) 1445011039337 এবং (২) 1445011170236 বন্ধ করার সিদ্ধান্ত হয়েছিল তা বন্ধ করার সময় উক্ত Account গুলিতে যে অর্থ ছিল সেই অর্থ পৌরসভার উন্নয়নের জন্য ব্যবহার করা হয়েছিল তা অনুমোদিত হল।

(২) পশ্চিমবঙ্গ রাজ্য সরকার অনুমোদিত অন্নপূর্না যোজনার বাস্তবায়িত করার লক্ষে সাহারা বিদ্যাভবন ও শ্রীনগর হাইস্কুলে আজ ৩০/০৫/২০২৬ তারিখ শিবির করা হয়েছিল। প্রয়োজনীয় অর্থ পৌরতহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হল।

সভায় আর কোনো আলোচনা না হওয়ায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় সভার কাজের সমাপ্তি ঘোষনা করলেন।

ধন্যবাদান্তে,

কার্য্যবিবরনী
মাননীয় / মাননীয়া
শ্রী / শ্রীমতী ____________________
কাউন্সিলর / উপ পৌরপ্রধান, ওয়ার্ড নং ________
এর নিকট প্রেরিত হল।

নিমাই ঘোষ
পৌরপ্রধান
মধ্যমগ্রাম পৌরসভা

মধ্যমগ্রাম পৌরসভা
উত্তর ২৪পরগনা
মধ্যমগ্রাম

02/07/26
Executive Officer
Madhyamgram Municipality
North 24-Parganas